

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা-১২১৫
www.barc.gov.bd

নির্বাচিত ১৫টি ফসলের ডায়ালিডেশন ও ইভালুয়েশন ট্রায়ালের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. মোঃ আবদুছ ছালাম নির্বাহী চেয়ারম্যান ও আহবায়ক GAP ইউনিট, বিএআরসি
স্থান	:	সভাকক্ষ-২, বিএআরসি
তারিখ	:	০৪ নভেম্বর, ২০২৫ খ্রি.
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভার শুরুতে উপস্থিত বিজ্ঞানী, PARTNER প্রোগ্রাম, GAP ইউনিট-বিএআরসি, কৃষি বিপণন অধিদপ্তর, SGS বাংলাদেশ লি., আদ্রিতা ডিজিটাল লি. (ভিডিও ডকুমেন্টারি টিম) ও অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে আন্তরিকভাবে স্বাগত জানান। তিনি ২০২৪-২৫ অর্থবছরে GAP কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের নিষ্ঠা, সহযোগিতা ও অবদানের জন্য কৃতজ্ঞতা ও অভিনন্দন জ্ঞাপন করেন। সভাপতি উল্লেখ করেন যে, বিগত অর্থবছরে ১৫টি ফসলের GAP প্রোটোকল সফলভাবে প্রস্তুত করা হয়েছে, যা বাংলাদেশের নিরাপদ খাদ্য উৎপাদন ব্যবস্থায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। তিনি আশা প্রকাশ করেন যে, চলতি অর্থবছরে নির্বাচিত ১৫টি ফসলের Evaluation Trial কার্যক্রম সফলভাবে সম্পন্ন হবে। তিনি আরও বলেন, GAP পদ্ধতিতে উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য নিশ্চিতকরণে কৃষি বিপণন অধিদপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI), এবং GAP সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যে কার্যকর পারস্পরিক সমন্বয় ও আলোচনার প্রয়োজন রয়েছে। পরবর্তীতে তিনি সভার নির্ধারিত কর্মসূচি অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান।


২.০। আলোচনায় অংশ নিয়ে ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট অ্যান্ড ট্রেনিং কনসালট্যান্ট, PARTNER, এপিসিইউ-বিএআরসি, লক্ষ্যমাত্রা অনুযায়ী GAP কার্যক্রম এগিয়ে নেয়ার ওপর গুরুত্বারোপ করেন। তিনি ভিডিও সংশ্লিষ্ট বিজ্ঞানী, PARTNER প্রোগ্রাম ও GAP ইউনিটের সদস্যদের উপস্থিতিতে সম্পন্ন করাসহ গুণগত মান নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ১৫টি ফসলের ভিডিও ডকুমেন্টারি স্ক্রিপ্ট ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে যার মধ্যে ইতোমধ্যে ১১টি স্ক্রিপ্ট আদ্রিতা ডিজিটাল লি.-এর নিকট হস্তান্তর করা হয়েছে। ড. যাকীয়াহ রহমান মনি, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি) ও সদস্য সচিব, GAP ইউনিট, বিএআরসি, ডকুমেন্টারিতে GAP প্রোটোকলের সকল ধাপ অন্তর্ভুক্ত করাসহ নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের তাগিদ দেন। আগামী জানুয়ারি মাসে ভিডিও ডকুমেন্টারি অগ্রগতি পর্যালোচনা বিষয়ে একটি সভা আহবানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। ড. মোঃ মসিউর রহমান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল বিভাগ, এইচআরসি, বিএআরআই, গাজীপুর সভায় কীঠাল এবং ড. মোঃ রবিউল ইসলাম উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সবজি বিভাগ, এইচআরসি, বিএআরআই সভায় লাউ ফসলের Evaluation Trial-এর রিপোর্ট উপস্থাপন করেন, যা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। চলতি অর্থবছরে (২০২৫-২৬) Evaluation Trial-এর ক্ষেত্রে ২টি ট্রিটমেন্ট ১) পূর্ণ/Full GAP ও ২) কৃষকের উৎপাদন পদ্ধতি বিবেচনা করা হবে। ইতোমধ্যে যারা ৩টি ট্রিটমেন্ট দিয়ে শুরু করে ফেলেছে তাঁদের টিও চলমান থাকবে।

৩.০। সভায় অংশগ্রহণকারীদের উন্মুক্ত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ৩.১। মাঠ পর্যায়ে নির্বাচিত ১৫টি ফসলের GAP ট্রায়ালের ভিডিও ধারণে অধিক গুরুত্ব প্রদান এবং প্রতিটি ধাপ (Stage) অন্তর্ভুক্ত করে যথাযথ সময়ের মধ্যে ভিডিও ধারণ সম্পন্ন করা।
- ৩.২। সংশ্লিষ্ট বিজ্ঞানীদের সাথে পরামর্শক্রমে প্রতিটি ট্রায়ালের ভিডিও ধারণের সময়সূচি (Schedule) প্রণয়ন করে নির্ধারিত WhatsApp গ্রুপে শেয়ার করা।
- ৩.৩। কার্যক্রমে অধিকতর সমন্বয়ের লক্ষ্যে GAP ইউনিট, বিএআরসি থেকে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান ও ব্যক্তি বরাবর সহযোগিতার অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা।
- ৩.৪। মাঠ পর্যায়ে বিজ্ঞানী কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমের ছবি ও তথ্য GAP Protocol Development, WhatsApp গ্রুপে আপলোড করা।
- ৩.৫। পরবর্তী ফসলের MRL (Maximum Residue Limit) পরীক্ষার ক্ষেত্রে বিজ্ঞানী, GAP ইউনিট এবং SGS-এর প্রতিনিধিদের মধ্যে নিবিড় যোগাযোগ বজায় রাখা এবং এ উদ্দেশ্যে একটি পৃথক WhatsApp গ্রুপ খোলা।

- ৩.৬। চলতি অর্থবছরে (২০২৫-২৬) Evaluation Trial-এর ক্ষেত্রে ২টি ট্রিটমেন্ট-১) বিজ্ঞানীদের তত্তাবধানে বাস্তবায়িত GAP ও ২) কৃষকের উৎপাদন পদ্ধতি বিবেচনা করা।
- ৩.৭। Evaluation Trial-এর ডাটা সংগ্রহে বিশেষ গুরুত্ব প্রদান এবং গবেষণার উদ্দেশ্য অনুযায়ী সঠিক তথ্য সংগ্রহ নিশ্চিত করা।
- ৩.৮। আগামী অর্থবছরগুলোতে GAP সংশ্লিষ্ট নতুন কার্যক্রম ও গবেষণার ক্ষেত্রসমূহ চিহ্নিত করার উদ্যোগ গ্রহণ করা।
- ৩.৯। GAP বাস্তবায়নের পরবর্তী ধাপে Intercrop, Relay Crop এবং Mixed Crop বিষয়ে গবেষণা পরিকল্পনা গ্রহণ করা।
- ৩.১০। মনোনীত বিজ্ঞানীগণ কর্তৃক Validation ও Evaluation Trial-এর প্রতিবেদন আগামী ২০ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে GAP ইউনিট, বিএআরসি-তে প্রেরণ।
- ৩.১১। মাঠ পর্যায়ের চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে মনিটরিং কার্যক্রম জোরদার করা। ভিজিট পরবর্তী ছবি, সুপারিশ বা চিহ্নিত সমস্যা থাকলে তা GAP Protocol Development গুপে আপলোড করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মোঃ আবদুছ হালাম

নির্বাহী চেয়ারম্যান

ও আহবায়ক GAP ইউনিট, বিএআরসি